

সম্প্রান্তরালবাদ (Parallelism)

স্পিনোজা এই মতবাদের প্রবর্তক । তাঁহার মতে দ্রব্য নিত্য ও স্বাধীন
এবং স্বাধীন দ্রব্য মাত্র একটিই থাকিতে পারে। ইহা অসীম । স্পিনোজা

অদ্বৈতবাদী। তাঁহার মতে একমাত্র পরমেশ্বর জীব্য। তিনি সমুদয় জাগতিক পদার্থের জীব্য এবং জীবের ব্যক্তিত্ব অস্বীকার করেন। তাঁহার মতে অনন্ত পরমেশ্বরের অনন্ত গুণের মধ্যে বিস্তৃতি ও চৈতন্য দুইটি গুণ। বিস্তৃতির বিভিন্ন বিকার বিভিন্ন জড়পদার্থ এবং চৈতন্যের বিভিন্ন বিকার বিভিন্ন জীব।

যখন চৈতন্য ও বিস্তৃতি একই পরমেশ্বরের গুণ, তখন একটিতে পরিবর্তন দেখা দিলে অপরটিতেও পরিবর্তন অবশ্যস্বাভাবী। কাজেই দেহ ও মনের পরিবর্তন সমান্তরালভাবে চলিতে থাকে। মন ও দেহ যেন একই লেন্সের দুই তল, অবতল (concave) ও উত্তল (convex)। একদিকে পরিবর্তন ঘটিলে অপরদিকে পরিবর্তন ঘটে। স্পিনোজার মতে দেহের পরিবর্তনের সহিত মনের এবং মনের পরিবর্তনের সহিত দেহের পরিবর্তন ঘটিয়া থাকে। তিনি মানসিক ও দৈহিক ক্রিয়ার মধ্যে কারণ-কার্য সম্পর্ক স্বীকার করেন না। জড় ও মন গুণ-বলিয়া ইহাদের কোন ক্রিয়া উৎপাদন করিবার শক্তি নাই। কাজেই সকল দৈহিক ও মানসিক ক্রিয়ার কর্তা একমাত্র ভগবান। এবং ভগবান যখন কোন ক্রিয়া সম্পাদন করেন, তখন এই ক্রিয়া মন ও দেহে সমভাবে প্রকাশ লাভ করে।

স্পিনোজার এই মতবাদ বিচারগ্রাহ্য নহে। মনোবিজ্ঞানীরা বলেন যে, মনের পরিবর্তনের সহিত যে দেহের পরিবর্তন ঘটে ইহা স্থপরীক্ষিত, কিন্তু প্রতিদৈহিক ক্রিয়ার সমান্তরালভাবে যে মানসিক ক্রিয়া ঘটে, ইহা প্রমাণ করা যায় না। দেহে এমন অনেক পরিবর্তন বা ক্রিয়া ঘটে যাহার সম্বন্ধে আমরা মোটেই সচেতন নহি। কাজেই স্পিনোজার মতবাদ সম্পূর্ণরূপে গ্রহণযোগ্য নহে।

দ্বিতীয়তঃ, সমান্তরালবাদ সর্বাণুবাদের (Panpsychism) নামান্তর। যদি প্রত্যেক জড়ক্রিয়ার সমান্তরালভাবে মানসিক ক্রিয়া ঘটে, তবে মনে করিতে হয় যে, জগতের প্রত্যেক পদার্থের একটি মন রহিয়াছে। কিন্তু যখন কোন জাগতিক জড়পদার্থে মানসিক ক্রিয়া পরিলক্ষিত হয় না, তখন প্রত্যেক ভৌতিক ক্রিয়া অহুযায়ী মানসিক ক্রিয়া রহিয়াছে, ইহা মনে করা অসম্ভব। তৃতীয়তঃ, সমান্তরালবাদ জীবের ব্যক্তিত্ব অস্বীকার করে বলিয়া ইহা তাহার নৈতিক ও আধ্যাত্মিক ক্রিয়াসমূহ ব্যাখ্যা করিতে অসমর্থ হইয়া থাকে।